



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/৩৪০১৮১০৬৩০২১/ ৪৬ /কক্সবাজার-৬৪

তারিখঃ ০২.০৬.২০২০খ্রি.

বিষয়: অনুমোদিত নির্বাহী কমিটি বাতিল করণ প্রসঙ্গে

সূত্র : ১) মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশা/৩৪০১৮১০৬৩০২১/১৪৯৮৭/নথি নং-৬৪; তারিখ: ১০/০২/২০১৯ খ্রি.
২) মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশা/৩৪০১৮১০৬৩০২১/কক্স-৬৪/১০৮৭৩; তারিখ: ২৬/০২/২০২০ খ্রি.


উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, কক্সবাজার জেলার সদর উপজেলাধীন মুনিরিয়া বাহারুল উলুম দাখিল মাদ্রাসার নির্বাহী কমিটি অত্র বোর্ড কর্তৃক সূত্রোক্ত ০১ (এক) নং স্মারকে অনুমোদন দেওয়া হয়। কিন্তু পরিদর্শন শাখার নথি পর্যালোচনায় দেখা যায় মাদ্রাসাটির দাখিল স্তরে একাডেমিক স্বীকৃতিপ্রাপ্ত এবং স্বীকৃতির মেয়াদ চলমান রয়েছে। এরই প্রেক্ষিতে অত্র বোর্ড কর্তৃক অনুমোদিত নির্বাহী কমিটি কেন ভেঙে দেওয়া হবে না ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে ব্যাখ্যা প্রদানের জন্য মাদ্রাসা প্রধানকে সূত্রোক্ত ০২ (দুই) নং স্মারকে কারণ দর্শানো হয়। মাদ্রাসা প্রধান অদ্যবধি জবাব দাখিল করেননি।

বর্ণিত অবস্থায় মাদ্রাসা প্রধান প্রেরিত কারণ দর্শানোর জবাব দাখিল না করায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক অনুমোদিত নংবামাশিবো/প্রশা/৩৪০১৮১০৬৩০২১/১৪৯৮৭/নথি নং-৬৪; তারিখ: ১০/০২/২০২০ খ্রি. স্মারকের নির্বাহী কমিটি নির্দেশক্রমে বাতিল করা হলো।


০২.০৬.২০২০

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

সুপার
মুনিরিয়া বাহারুল উলুম দাখিল মাদ্রাসা
সদর, কক্সবাজার



০২.৬.২০২০
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ৯৬১২৮৫৮

নং-বামাশিবো/প্রশা/৩৪০১৮১০৬৩০২১/ ৪৬ /কক্সবাজার-৬৪


তারিখঃ ০২.০৬.২০২০খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, কক্সবাজার;
২. জেলা শিক্ষা অফিসার, কক্সবাজার;
৩. উপজেলা নির্বাহী অফিসার, সদর, কক্সবাজার;
৪. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৫. অফিস কপি।


০২/০৬/২০২০
মোঃ ওমর ফারুক

উপ রেজিস্ট্রার (প্রশাসন)


০২.৬.২০২০
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ৯৬৭৪৮৭৪